



# Regulation of the Chancellor

ক্যাটেগরি:

আচরণবিধি

ইস্যুর তারিখ: ৪/২৭/০৯

নম্বর:

D-120

বিষয়:

পিতামাতা এবং স্কুল লিডারশিপ টিম কম্যুনিটি সদস্যদের জন্য আচরণবিধি

পৃষ্ঠা:

১ এর ১

## পরিবর্তনের সার-সংক্ষেপ

এই প্রিধান ৫ সেপ্টেম্বর, ২০০০ তারিখে ইস্যুকৃত চাম্পেলের প্রিধান D-120-কে রাখিত করে।

### পরিবর্তনসমূহ:

- যোগাযোগের তথ্য হালনাগাদ করা হয়েছে।

### সারাংশ

নিচে উল্লিখিত আচরণবিধি সকল পিতামাতা এবং স্কুল লিডারশিপ টিম কম্যুনিটি সদস্যদের জন্য প্রযোজ্য। এই আচরণবিধি স্কুল লিডারশিপ টিম কর্মী সদস্য যারা আরও কর্ঠোর স্বার্থের দ্বন্দ্ব আইনের আওতায় যা বোর্ড অব এডুকেশনের সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য, তাদের জন্য প্রযোজ্য নয়।

#### I. আচরণবিধি – পিতামাতা এবং স্কুল লিডারশিপ টিম কম্যুনিটি সদস্যদের জন্য

নিচে তালিকাভুক্ত বিধানগুলো পিতামাতা এবং স্কুল লিডারশিপ টিম(এসএলটি) কম্যুনিটি সদস্যগণ অবশ্যই মনে চলবে। বিশেষ পরিস্থিতিতে, পিতামাতা এবং এসএলটি কম্যুনিটি সদস্যগণ ডিস্ট্রিক্ট অব হাই স্কুল সুপারিনিউটেন্ডেন্টের বিধি-ব্যবস্থা থেকে অব্যহতি পেতে পারেন।

- A. স্কুল অথবা স্কুল লিডারশিপ টিমের সাথে ব্যবসা করছে এমন কোন ব্যক্তির কাছ থেকে পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ কোন উপহার গ্রহণ করতে পারবেন না।
- B. পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনিউটেন্ডেন্ট এবং চ্যাম্পেলর অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি(বৰ্গ)-র লিখিত অনুমোদন না নিয়ে কোন বাস্তি অথবা ব্যবস্থা প্রতিষ্ঠানের অধীনে চাকরি করতে অথবা এমন কোন ব্যবসা প্রতিষ্ঠানের মালিক হতে পারবেন না যারা স্কুল অথবা স্কুল লিডারশিপ টিমের সাথে ব্যবসা সংক্রান্ত চুক্তি করছে অথবা ইতোমধ্যে ব্যবসা চালিয়ে যাচ্ছে। এছাড়া, তারা ব্যবসা প্রতিষ্ঠান-স্কুল/স্কুল লিডারশিপ টিম সম্পর্কিত কোন বিষয়ে সরাসরি কোন আলোচনায় অথবা ভোটে অংশগ্রহণও করতে পারবেন না।
- C. পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ তাদের, তাদের পরিবারের কোন সদস্যের, কোন ব্যবসা প্রতিষ্ঠান যেটির তারা মালিক অথবা যেখানে তারা চাকরি করছেন, অথবা যেকোন বাস্তি যাদের সাথে তারা আর্থিকভাবে সংযুক্ত তাদের আর্থিক সহায়তালাভে স্কুল লিডারশিপ টিমের সদস্য হিসেবে কোন কাজ করতে পারবেন না।
- D. স্কুল লিডারশিপ টিম অথবা স্কুলের পক্ষ হয়ে যোগাযোগের জন্য পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ কোন প্রাইভেট ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের কাছে থেকে কোন কিছু গ্রহণ করতে পারবেন না।
- E. পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ স্কুল লিডারশিপ টিম অথবা স্কুলের কোন গোপনীয় তথ্য স্কুলের সাথে সম্পৃক্ত নয় এমন কোন উদ্দেশ্যে কোন প্রাইভেট ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের কাছে তা প্রকাশ করতে পারবেন না।
- F. পিতামাতা সদস্যগণ তাদের স্কুল লিডারশিপ টিমের দায়িত্ব পালনের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন ছাড়া অন্য কারো কাছ থেকে আর্থিক মূল্য আছে এমন কোন কিছু গ্রহণ করতে পারবেন না। কম্যুনিটি সদস্যগণ তাদের স্কুল লিডারশিপ টিমের দায়িত্ব পালনের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং তাদের কম্যুনিটি-ভিত্তিক সংগঠন ছাড়া অন্য কারো কাছ থেকে আর্থিক মূল্য আছে এমন কোন কিছু গ্রহণ করতে পারবেন না।
- G. পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ স্কুলের কোন কর্মীর সাথে কোন আর্থিক সম্পর্ক (যেমন চাকরি সম্পৃক্ত, ব্যবসায়িক সম্পর্ক, ঝণ, অথবা বিনিয়োগ) রাখতে পারবেন না, এর ব্যতিক্রম স্বামী বা স্ত্রী, গ্রহের অংশীদার, পিতামাতা, শ্শশু-শ্শশুড়ি, ভাইবোন, সন্তান অথবা নাতি-নাতনি।
- H. পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ স্কুলের কোন স্বার্থের বিরুদ্ধে কোন মামলা অথবা প্রশাসনিক শুনানিতে প্রাইভেট কোন পক্ষ অথবা বিশেষজ্ঞ হয়ে আইনজীবী হিসেবে কাজ করতে পারবেন না।
- I. পিতামাতা এবং কম্যুনিটি সদস্যগণ কোন প্রতিষ্ঠান যেটির সাথে তারা স্কুল লিডারশিপ টিম সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন সেটির সাথে ভবিষ্যত কোন চাকরির সম্ভবনার ব্যাপারে আলোচনা করতে পারবেন না। এছাড়া, স্কুলের সাথে ব্যবসায় জড়িত অথবা স্কুলের সাথে ব্যবসা সংক্রান্ত আলোচনা চলছে এমন কোন প্রতিষ্ঠানের সাথে ভবিষ্যত চাকরির ব্যাপারে আলোচনা করতে পারবেন না যদি না তারা টিম এবং ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনিউটেন্ডেন্টকে অব্যহতি করেন যে স্কুল লিডারশিপ টিমের সদস্য হিসেবে প্রতিষ্ঠানের সাথে তাদের কোন সংশ্লিষ্টতা নেই।

স্কুলের সাথে ব্যবসায় জড়িত এমন কোন প্রতিষ্ঠানে যদি পিতামাতা অথবা কম্যুনিটি সদস্য চাকরি গ্রহণ করেন, তাদেরকে অবশ্যই টিম থেকে ইস্তফা দিতে হবে। প্রতিষ্ঠানের কর্মচারি হিসেবে, প্রাক্তন এই টিম সদস্য কোন স্কুলের সাথে যেখানে তিনি টিম সদস্য হিসেবে কাজ করেছেন সেখান থেকে ইস্তফাদান অথবা টিম থেকে অপসারিত হবার এক বছর পূর্ণ না হওয়া পর্যন্ত কোন ব্যবসা সংক্রান্ত বিষয়ে জড়িত হতে অথবা ব্যবসা-সম্পর্কিত কোন যোগাযোগ রাখতে পারবেন না।

J. যদি কোন পিতামাতা অথবা কম্যুনিটি সদস্য এই নিয়ম লঙ্ঘন করেন তিনি ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনিউটেন্ডেন্ট কর্তৃক সঙ্গে সঙ্গে অপসারিত হবেন। ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনিউটেন্ডেন্ট কর্তৃক অপসারিত কোন পিতামাতা বা কম্যুনিটি সদস্য এই অপসারণের বিবুক্তে চ্যাম্পেল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি(বর্গ)-র কাছে আপিল করতে পারবেন।

K. প্রত্যেক পিতামাতা অথবা কম্যুনিটি সদস্যের ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনিউটেন্ডেন্টের কাছে এই বিধির লঙ্ঘন বিষয়ে রিপোর্ট করার নেতৃত্ব দায়িত্ব রয়েছে।

## **II. অনুমত্বান**

এই প্রবিধান সংক্রান্ত যেকোন প্রশ্নের উত্তর জানতে নিচের ঠিকানা অথবা ফোন নম্বরে যোগাযোগ করতে হবে:

*Ethics Officer*

ফোন:	<i>Office of Ethics and Conflicts of Interest</i>	ফ্যাক্স:
212-374-3438	N.Y.C. Department of Education 52 Chambers Street – Room 308 New York, NY 10007	212-374-5596